মুজিবনগরে স্কুল গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা ১০ শিক্ষার্থী আহত

মুজিবনগরে একটি স্কুল লেগুনা নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কায় অন্তত ১০ শিক্ষার্থী আহত হয়েছে।
এদের মধ্যে, জাইম হোসেন, তাসিন আলী, ফারুক আহমেদ, আবু সুফিয়ানকে ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকীরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়িতে ফিরেছে।
আজ মঙ্গলবার (২৪ মে) সকাল ৯ টার দিকে মুজিবনগর জয়পুর-তারানগর রাস্তার মাঝামাঝি একটি কালভার্টের কাছে এ দূর্ঘটনা ঘটে।
আহত জায়িম হোসেন(৮)মুজিবনগর উপজেলার তারানগর গ্রামের আজিজুল হকের
ছেলে, তসিন আলি (৯) আনন্দবাস গ্রামের জামাল উদ্দিনের ছেলে, ফারুক
(৮) জয়পুর গ্রামের ফরহাদ হোসেনের ছেলে এবং আবু সুফিয়ান শুভ (৯) বাগোয়ান গ্রামের আনারুল ইসলামের ছেলে।
আহতরা সকলেই মুজিবনগরের কেদারগঞ্জ জিনিয়াস প্রি ক্যাডেট একাডেমীর প্রথম ও দ্বিতীয় শ্রেনীর ছাত্র।
জিনিয়াস প্রি ক্যাডেট একাডেমীর শিক্ষক মিজানুর রহমান জানান, লেগুনা চালক আনসার আলী ১০ জন শিক্ষার্থী নিয়ে জয়পুর ও তারানগরের দিকে যাচ্ছিলেন। পথের মধ্যে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়ির সবাই কম বেশী আহত হয়। এদের মধ্যে ৪ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকীরা মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।
প্রত্যক্ষ দর্শিদের বরাত দিয়ে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল জানান, স্কুল ভ্যানটি কেদারগঞ্জ মোড় থেকে জয়পুর যাচ্ছিল। পথের মধ্যে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছর সাথে ধাক্কা লাগে। আহতদের উদ্ধার করে হাসপাতালে নেয়া হয়েছে।

মেহেরপুরের চাঁদবিলে শিয়ালের ধাক্কায় সাবেক মেম্বর সিরাজুল আহত

চলন্ত মোটরসাইকেলের সাথে শিয়ালের ধাক্কায় গুরতর জখম হয়েছেন সাবেক ইউপি সদস্য (মেম্বর) সিরাজুল ইসলাম (৫০)। এঘটনায় শিয়ালটি মারা গেছে।
আজ সোমবার (২৩ মে) সকাল ১০ টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা আঞ্চলিক সড়কের চাঁদবিল আনকমন কপি হাউজের সামনে এ দূর্ঘটনা ঘটে। সিরাজুল ইসলাম আমঝুপি ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ডের চাঁদবিল গ্রামের সাবেক মেম্বর।
বর্তমানে ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন তিনি।
প্রত্যক্ষদর্শিরা জানান, সিরাজুল ইসলাম মোটরসাইকেল যোগে চাঁদবিল থেকে মেহেরপুর শহরে আসছিলেন। আনকম কপি হাউজের সামনে পৌছানো মাত্র একটি শিয়াল রাস্তা পার হওয়ার জন্য দ্রæতগতিতে দৌড় দিয়ে মোটরসাইকেলের নিচে পড়ে। মোটরসাইকেল নিয়ন্ত্রণ হািরে রাস্তার উপর পড়ে গেলে সিরাজুল ইসলাম আহত হন।